

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
এনজিও বিষয়ক ব্যুরো  
প্রধানমন্ত্রীর কার্যালয়  
১৩, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণী  
মৎস্য ভবন (১০ম তলা) রমনা, ঢাকা।

পত্র নং-এবিব্য/সপ-২/বিবিধ/১৯১(অংশ)/২০০৭-

তারিখ : ২১ জুন, ২০০৯ খ্রি :


বিষয় : ঘূর্ণিঝড় 'আইলা' পরবর্তী ত্রাণ ও পুনর্বাসন কার্যক্রম পর্যালোচনা প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ের আলোকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, সরকার আইলায় ক্ষতিগ্রস্ত এলাকায় কৃষি ও ক্ষুদ্র ঋণের বিষয়ে নিম্নলিখিত সিদ্ধান্ত গ্রহণ করেছে :

" অর্থ বিভাগ ঘূর্ণিঝড় আইলা'য় সর্বাধিক ক্ষতিগ্রস্ত ইউনিয়নসমূহে কৃষি ও ক্ষুদ্র ঋণ (এনজিওসমূহের ঋণসহ) আদায় কার্যক্রম সাময়িকভাবে স্থগিত রাখিবার নির্দেশনা প্রদান করিবে।"

উপরোক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে আপনার সংস্থা কর্তৃক ঘূর্ণিঝড় আইলায় ক্ষতিগ্রস্ত এলাকায় আপনার সংস্থার চলমান ঋণ কার্যক্রমের আওতায় উপকারভোগীদের নিকট হতে ঋণ আদায় পুনরাদেশ না দেয়া পর্যন্ত সাময়িকভাবে বন্ধ রাখতে হবে।

উল্লেখ্য, উপরোক্ত সিদ্ধান্ত বাস্তবায়ন করে প্রতি ১৫(পনের) দিন অন্তর অন্তর এনজিও বিষয়ক ব্যুরোতে আপনার সংস্থার একটি প্রতিবেদন প্রেরণ করতে হবে।

  
(মোঃ ফজলে ইলাহী)  
পরিচালক  
ফোনঃ ৯৫৬২৮৩৮।

নির্বাহী পরিচালক/নির্বাহী প্রধান

.....  
.....।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে :

- ০১। সচিব, অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ।  
(দৃঃ আঃ জনাব অরিজিৎ চৌধুরী, উপ-সচিব)।
- ০২। অফিস কপি/মাস্টার ফাইল।